Prime Minister's meeting with Australian Prime Minister on the sidelines of the Quad Leaders' Summit

May 24, 2022

প্রধানমন্ত্রী কোয়াড নেতৃবৃন্দের সম্মেলনের ফাঁকে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, জাপানের টোকিওতে কোয়াড নেতৃবৃন্দের সম্মেলনের ফাঁকে ২৪শে মে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মিঃ অ্যান্টনি অ্যালবানেসের সঙ্গে দ্বিপাষ্ট্রিক বৈঠক করেছেন।

নির্বাচনে জয়ের জন্য প্রধানমন্ত্রী অ্যালবানেসকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী মোদী। উভয় নেতা বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা উৎপাদন, গ্রীন হাইড়োজেন, পুনর্নবীকরণযোগ্য শক্তি, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, কৃষি গবেষণা, ক্রীড়া এবং মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক সহ সর্বাঙ্গীন কৌশলগত অংশীদারিত্বের আওতায় বহুমুখী সহযোগিতার বিষয় নিয়ে পর্যালোচনা করেছেন। উভয় দেশের প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক সম্পর্কের ইতিবাচক গতি অব্যাহত রাখতে তাদের ইচ্ছার কথা ব্যক্ত করেছেন।

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীকে অতি দ্রুত ভারত সফরের জন্য আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী।

টোকিও

মে 24, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.